

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৩ পৌষ ১৪২৬/০৭ জানুয়ারি ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.১৫—মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ রইছউল আলম মন্ডল বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক প্রায় ৩৪ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করেছেন।

২। প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মোঃ রইছউল আলম মন্ডল-কে ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ১৫ পৌষ ১৪২৬/৩০ ডিসেম্বর ২০১৯ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম

মন্ত্রিপরিষদ সচিব

(৬৩১)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

ঢাকা : $\frac{১৫ \text{ পৌষ } ১৪২৬}{৩০ \text{ ডিসেম্বর } ২০১৯}$

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ রইছউল আলম মণ্ডল বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক প্রায় ৩৪ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করছেন।

সুদীর্ঘ কর্মজীবনের শুরুতে তিনি উপজেলা ও জেলা পর্যায়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে কর্মরত ছিলেন। এছাড়া তিনি পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক পদেও সাফল্যের সঙ্গে দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ রইছউল আলম মণ্ডল ২০১৮ সালে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব পদে নিযুক্ত হন। গত ২৪ ডিসেম্বর ২০১৯ তারিখে তিনি উক্ত মন্ত্রণালয়ের সিনিয়র সচিব পদে পদোন্নতি পেয়ে অদ্যাবধি একই মন্ত্রণালয়ে দক্ষতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করছেন।

জনাব মোঃ রইছউল আলম মণ্ডল মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের কার্যক্রমে গুণগত পরিবর্তন আনয়নে উদ্যোগী ভূমিকা রেখেছেন।

প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব মোঃ রইছউল আলম মণ্ডল-কে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd